

ভারত

বাংলাদেশের সঙ্গে সম্পর্ক আরও এগিয়ে নিতে ভারত আগ্রহী: জয়শক্তির

প্রতিনিধি নয়াদিল্লি

আপডেট: ১৭ সেপ্টেম্বর ২০২৪, ১৯: ১৯



ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর ফাইল ছবি: রয়টার্স

ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর বলেছেন, বাংলাদেশের সাম্প্রতিক ঘটনাবলি সে দেশের ‘অভ্যন্তরীণ বিষয়’। তা নিয়ে কোনো মন্তব্য করা সমীচীন নয়। কিন্তু প্রতিবেশী হিসেবে সে দেশের সঙ্গে স্থিতিশীল সম্পর্ক অব্যাহত রাখতে ভারত আগ্রহী। সম্পর্ককে ভারত আরও এগিয়ে নিয়ে যেতে চায়।

জয়শঙ্কর বলেন, ‘প্রতিবেশীরা একে অন্যের সঙ্গে জুড়ে থাকে। বাংলাদেশের সঙ্গে আমাদের ব্যবসা-বাণিজ্যের সম্পর্ক রয়েছে। মানুষের সঙ্গে মানুষের ঘনিষ্ঠ যোগাযোগ রয়েছে। এই সম্পর্ক ও যোগাযোগ আরও এগিয়ে নিয়ে যেতে আমরা আগ্রহী।’

নরেন্দ্র মোদি সরকারের তৃতীয় দফার শাসনের ১০০ দিন অতিক্রান্ত উপলক্ষে জয়শক্তির মঙ্গলবার কথা
বলেন এনডিটিভির সঙ্গে। সেখানেই পররাষ্ট্রনীতির বিভিন্ন দিক নিয়ে কথা বলার সময় বাংলাদেশ
প্রসঙ্গে এই মন্তব্য করেন। বস্তুত এই প্রথম বাংলাদেশের পালাবদল ও সে দেশের সঙ্গে ভারতের
সম্পর্ক নিয়ে সরকারের পক্ষে এত বিস্তারে কেউ মতামত জানালেন।

বাংলাদেশের রাজনৈতিক পালাবদল ও সেই পরিস্থিতিতে ভারতের ইতিকর্তব্য নিয়ে প্রশ্ন করা হলে
জয়শক্তির বলেন, ‘সব সময় সবকিছু ঠিক থাকবে তা হয় না। সব সময় সবকিছু অনুকূলও থাকে না।
বাংলাদেশে যা হয়েছে তা তাদের নিজস্ব রাজনীতি। একান্তই অভ্যন্তরীণ বিষয়। কাজেই সে নিয়ে মন্তব্য
করা অনভিপ্রেত। এটুকু বলতে পারি, আমরা সব সময় বিদ্যমান সরকারের সঙ্গে সম্পর্ক রক্ষা করে
চলি।’

#NDTVProfitExclusive | #Bangladesh issue is their internal affair,
says EAM S Jaishankar

Watch Live: <https://t.co/vcTR4Gxtkv> pic.twitter.com/64qrrukXZjh

— NDTV Profit (@NDTVProfitIndia) September 17, 2024

জয়শক্তির এ প্রসঙ্গে বলেন, ‘আমার বিশ্বাস, ওরা ওদের অবস্থান বুঝে নিলে এবং সম্পর্কের মাহাত্ম্য
অনুধাবন করলে প্রতিবেশী সম্পর্ক অন্য উচ্চতায় পৌঁছাবে। প্রতিবেশীরা সব সময় একে অন্যের প্রতি
নির্ভরশীল হয়।’

এ প্রসঙ্গে নাম না করে জয়শক্তির অন্য প্রতিবেশীদের সঙ্গে ভারতের সম্পর্কেও উল্লেখ করেন। তিনি
বলেন, ‘অন্য প্রতিবেশী দেশেও কোথাও কোথাও রাজনৈতিক ঘটনা ঘটেছে। কিন্তু মিটমাট হয়ে গেছে।
বাংলাদেশেও যা হওয়ার তা হবে। সে নিয়ে মন্তব্য করা সাজে না। কিন্তু আমাদের মধ্যে যে সম্পর্ক

রয়েছে, আমরা তা আমাদের দিক থেকে স্থিতিশীল রাখতে চাই। সম্পর্ককে আরও এগিয়ে নিয়ে যেতে চাই।' তিনি বলেন, 'আমাদের মধ্যে খুব ভালো সহযোগিতা আছে। ব্যবসা-বাণিজ্য ভালো। মানুষের সঙ্গে মানুষের যোগাযোগও চমৎকার। আমরা এই পথেই এগোতে চাই।'

